

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলা একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ সিলেট।

বিষয় : গত ১২-১২-২০২১ তারিখ পেট্রোবাংলায় অনুষ্ঠিত মাসিক পর্যালোচনা সভার ১৫নং সিদ্ধান্ত মোতাবেক তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রকাশযোগ্য ও অপ্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রসঙ্গে :

ক। প্রকাশযোগ্য তথ্যঃ

(তথ্য অধিকার আইন ২০০৯ এর তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা ২০১০ এর ২ (৬) অনুচ্ছেদ অনুযায়ী)

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্বাক্ষর, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বিশিষ্ট্য নির্বিশেষে অন্য কোন তথ্যসহ বস্তুর বা উহাদের প্রতিলিপিও ইহার অন্তর্ভুক্ত হইবে। তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট বা নোট শিটের প্রতিলিপি ইহার অন্তর্ভুক্ত হইবে না।

খ। অপ্রকাশযোগ্য তথ্যঃ

(তথ্য অধিকার আইন ২০০৯ এর ৭ ধারা অনুযায়ী)

- ১। কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হইতে পারে এইরূপ তথ্য;
- ২। কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হইতে পারে বা অপরাধ বৃদ্ধি পাইতে পারে এইরূপ তথ্য;
- ৩। কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হইতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হইতে পারে এইরূপ তথ্য;
- ৪। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হইতে পারে এইরূপ তথ্য;
- ৫। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হইতে পারে এইরূপ তথ্য;
- ৬। তদন্তাধীন কোন বিষয় বাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাইতে পারে এইরূপ তথ্য;
- ৭। কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হইবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
- ৮। জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হইতে পারে এইরূপ তথ্য;
- ৯। কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
- ১০। পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

(মোঃ শফিউল আলম সরকার)
ব্যবস্থাপক (এমআইএস)
জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম সিঃ
গ্যাস ভবন, সিলেট।